

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
আঞ্চলিক জনসংখ্যা প্রশিক্ষণ ইনস্টিটিউট (RPTI)
পূর্বশাহী ঈদগাহ, টি বি. গেইট, সিলেট।
e-mail: fwvtisy1het10@gmail.com

স্মারক নং ৫৯.১২.৯১০০.০২৪.৯৯.০০২.২০-৩৩২

তারিখঃ ২৭ জুলাই, ২০২৩ খ্রি.

বরাবর

প্রধান প্রকৌশলী
স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
১০৫-১০৬, মতিঝিল বা/এ, ঢাকা।


বিষয়ঃ সিলেট বিভাগের মৌলভীবাজার জেলাধীন শ্রীমঙ্গল উপজেলার কালাপুর ইউনিয়নে নতুন একটি আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র (RTC) স্থাপন প্রসঙ্গে।

সূত্রঃ (১) স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ এর স্মারক নং-৫৯.০০.০০০০.১৩১.৯৯.০২৭.২০১৯-২৩, তারিখঃ ০৭ মার্চ, ২০২৩ খ্রি.
(২) জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (NIPOIT) এর স্মারক নং- ৫৯.১২.০০০০.০০১.৯৯.৭৩৩.২০-৩৪৩, তারিখঃ ০৬ জুলাই, ২০২৩ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রে বর্ণিত পত্রের প্রেক্ষিতে আপনার সদয় অবগতির জানানো যাচ্ছে যে, বর্তমানে সিলেট বিভাগের সুনামগঞ্জ জেলার জামালগঞ্জ উপজেলায় একটি আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র রয়েছে। উক্ত কেন্দ্রটিতে সিলেট বিভাগের ০৪ টি জেলার স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগের FWA, HA, FPI, SI, AHL, HI গণ মৌলিক ও পুনঃপ্রশিক্ষণ গ্রহণ করে থাকেন। RTC, জামালগঞ্জ প্রশিক্ষণ কেন্দ্রটি হবিগঞ্জ ও মৌলভীবাজার জেলা থেকে অনেক দূরে অবস্থিত বিষয় মাননীয় মহাপরিচালক (অতিরিক্ত সচিব) মহোদয়ের সভাপতিত্বে জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট(NIPOIT) এর ১০ অক্টোবর, ২০১৯ খ্রি. তারিখের ত্রৈমাসিক সমন্বয় সভায় সিলেট বিভাগের মৌলভীবাজার জেলাধীন শ্রীমঙ্গল উপজেলার কালাপুর ইউনিয়নে নতুনভাবে একটি আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র (RTC) স্থাপন এর সিদ্ধান্ত গৃহীত হয়। সাধারণতঃ একটি আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র (RTC) তে ১টি একাডেমিক ভবন, হোস্টেল ভবন ১টি, প্রশিক্ষণ কর্মকর্তার কোয়ার্টার, স্টাফ কোয়ার্টার, গাড়ির গ্যারেজ ও গ্যারেজের উপর গেস্ট হাউজ ইত্যাদি থাকে। শ্রীমঙ্গল উপজেলা ভূমি অফিস এর সার্ভেয়ার জনাব সঞ্জয় কুমার সিংহ প্রণীত স্কাচ ম্যাপটিতে (স্কাচ ম্যাপ সংযুক্ত) উল্লেখিত FWC এর জন্য FWC এর আনুমানিক ১২.৫ শতক ও উপস্বাস্থ্য কেন্দ্র(RD) এর আনুমানিক ১২.৫ শতক বাদ দিয়ে এবং FWC এর জন্য ৫০ শতক রেখে বাকি (১.৯৩-৬৩) একর = ১.৩০ একর জায়গায় আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র (RTC) নির্মাণ করা হবে(স্কাচ ম্যাপ সংযুক্ত)। এ লক্ষ্যে অবশিষ্ট ১.৩০ একর জায়গায় বর্ণিত অবকাঠামো নির্মাণের জন্য একটি সাইট প্ল্যান তৈরী করা প্রয়োজন।

এমতাবস্থায়, জরুরী ভিত্তিতে নির্বাহী প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মৌলভীবাজারকে একটি সাইট প্ল্যান করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদানের জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

সংযুক্তঃ ১) সূত্রে বর্ণিত পত্র (২) কপি।
২) স্কাচ ম্যাপ (২) কপি।



২৭.০৭.২৩
(মো. রিয়াজুল হক)
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
মেবাইলঃ ০১৬৭১১৩২৬৬৯

স্মারক নং ৫৯.১২.৯১০০.০২৪.৯৯.০০২.২০-৩৩২

তারিখঃ ২৭ জুলাই, ২০২৩ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ

- ১) পরিচালক(প্রশাসন/প্রশিক্ষণ)ও যুগ্মসচিব, নিপোর্ট।
- ২) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সার্কেল-০৬, সদর হাসপাতাল ক্যাম্পাস, কুমিল্লা।
- ৩) মহাপরিচালক (অতিরিক্ত সচিব) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, নিপোর্ট, ঢাকা।
- ৪) অফিস কপি।


২৭.০৭.২৩
(মো. রিয়াজুল হক)
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)